



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 15
Class - 2

Subject : Bengali Text
Topic : অভিমান

Date : 25.09.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) 'অভিমান' কবিতায় কে কার ওপর কেন অভিমান করেছে এবং তার অভিমানের কথা সে কাকে বলছে?

উঃ 'অভিমান' কবিতায় একটি ছোটো ছেলে অভিমান করেছে। তার বাবার ওপর সে অভিমান করেছে। কারণ, বাবা তাকে সঙ্গে করে কলকাতায় নিয়ে যাচ্ছে না। তার এই অভিমানের কথা সে তার মাকে বলছে।

২) 'অভিমান' কবিতাটি কে লিখেছেন, এই কবিতায় ছোটো ছেলেটির বাবা কোথায় থাকেন ও কী করেন এবং কীসে করে সেখানে যান?

উঃ 'অভিমান' কবিতাটি লিখেছেন যতীন্দ্রমোহন বাগচী। এই কবিতায় ছোটো ছেলেটির বাবা কলকাতায় থাকেন। সেখানে তিনি চাকরি করেন। নৌকায় করে তিনি সেখানে যান।

৩) 'অভিমান' কবিতায় ছোটো ছেলেটির নাম কী, ছেলেটি কখন, কোথায় লুকিয়ে থাকবে ও কীভাবে জুর বাধাবে আর জুর হলে সে কী করবে না?

উঃ 'অভিমান' কবিতায় ছোটো ছেলেটির নাম ভুলো। ছেলেটির বাবা কলকাতায় চলে যাবার সময় যখন তাকে ডাকবে তখন সে খাটের তলায় লুকিয়ে থাকবে। বাবা কলকাতায় চলে গেলে কেঁদে কেঁদে সে জুর বাধাবে। আর জুর হলে সে ওষুধ খাবে না।

_____ x _____

Rita Das